গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(আইসিটি শাখা)
www.kurigram.gov.bd

# মে, ২০১8মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোছাঃ সুলতানা পারভীন<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২০-0৫-২০১8 খ্রিঃ। |
| সভার সময় | : | বেলা-0২:০0 ঘটিকা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রসার ও ব্যবহারের উপর দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(আইসিটি), কুড়িগ্রামকে অনুরোধ করেন। অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি), কুড়িগ্রাম সিদ্ধান্তসমূহ পাঠ করেন । উপস্থাপিত এপ্রিল ২০১৮ এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃনং | ১. ইউডিসি পরিদর্শন সংক্রান্তঃ |
|---|---|
| ১। | ১.১ : জেলা প্রশাসক এবং উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম কর্তৃক পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন/দর্শনঃ এপ্রিল/২০১8 |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | ইউডিসি দর্শন |
|---|---|---|
| ১ | জনাব মোছাঃ সুলতানা পারভীন, জেলা প্রশাসক, কুড়িগ্রাম | ০2 টি |
| **2** | জনাব মোঃ রফিকুল ইসলাম সেলিম, উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম | ০৩ টি |

১.২ : উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্যঃ মার্চ/২০১8

| ক্রঃ নং | উপজেলার নাম | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসির সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসির এর মাসিক মোট আয় (টাকা) | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| 1 | কুড়িগ্রাম সদর | - | না | ০৮টি | 03 | 02 | ২৭,২৮৯/- | ১৯৬ জন | - |
| ২ | রাজারহাট | - | না | ০৭টি | 03 | 04 | ৮,৩৩৮/- | ১০৮ জন | - |
| ৩ | উলিপুর | - | না | ১৩টি | 04 | 03 | - | - | - |
| ৪ | চিলমারী | - | না | ০৬টি | 03 | 02 | - | - | - |
| ৫ | রৌমারী | - | - | ০৬টি | 02 | 01 | ৬১০/- | ১০ জন | - |
| ৬ | রাজিবপুর | - | না | ০৩টি | 02 | 02 | - | - | - |
| ৭ | ভূরুঙ্গামারী | - | না | ১০টি | 02 | 02 | ৫,৫৫০/- | ৮৪ জন | - |
| ৮ | নাগেশ্বরী | - | না | ১৪টি | 02 | 03 | ২৭,৪৪৯/- | ৩৭৪ জন | - |
| ৯ | ফুলবাড়ী | - | না | ০৬টি | 02 | 01 | - | - | - |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২। | **জেলা, উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্যঃ**<br><br>সভায় জানানো হয় যে, বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) বিশ্বের বৃহত্তম তথ্য বাতায়নগুলোর মধ্যে অন্যতম। সকল অফিসের কর্মকর্তা/কর্মচারিগণের বদলি হলে তার তথ্য নিয়মিত আপডেটসহ জাতীয় তথ্য বাতায়নের তথ্যগুলো বাংলার পাশাপাশি ইংরেজিতে প্রদান করা হলে দেশীবিদেশি নাগরিকগণ সহজেই বাংলাদেশ ডিরেক্টরী হতে তথ্য ও সেবা গ্রহণ করতে পারবেন। এ জন্য জেলা ওয়েব পোর্টালের তথ্য উভয় ভাষাতেই হালনাগাদ করার জন্য সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।<br><br>সভাপতি জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন বিভাগ/দপ্তরের জাতীয় তথ্য বাতায়ন ও ইউনিয়ন তথ্য বাতায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি) জানান যে, এটুআই হতে জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালসমূহ নতুন ফ্রেমওয়ার্কে স্থানান্তর করা হয়েছে। তিনি আরো জানান যে, logo.portal.gov.bd নামীয় পোর্টালে ব্যবহৃত প্রতিটি সেবাবক্সের জন্য প্রযোজ্য ছবি ডাউনলোড করে স্ব স্ব পোর্টালের নির্ধারিত সেবাবক্সে আপলোড করার বিষয়ে এটু-আই কর্তৃক নির্দেশনা থাকলেও বেশীরভাগ দপ্তর সেবাবক্সের ছবি পরিবর্তন করেননি। সভাপতি জেলার সকল সরকারি বিভাগ/ দপ্তরের স্ব স্ব তথ্য বাতায়ন হালনাগাদকরণের বিষয়ে গুরুত্বারোপ করেন এবং তথ্য বাতায়নের লিংকসমূহে সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা-কর্মচারীগণকে বিভিন্ন চিঠিপত্র, সভার কার্যবিবরণী, হেল্পলাইন, বাৎসরিক কর্মপরিকল্পনা ইত্যাদিসহ সংশ্লিষ্ট বিভিন্ন প্রকার তথ্য নিয়মিত আপলোড করে হালনাগাকরণের নির্দেশনা প্রদান করেন। জেলা ও উপজেলা ওয়েব পোর্টালের ত্রুটি/বিচ্যুতি লিংক, অন্যান্য সকল তথ্য সঠিক আছে কিনা তা যাচাই করার জন্য জেলা পর্যায়ে জেলা ওয়েব পোর্টাল মনিটরিং কমিটি এবং উপজেলা পর্যায়ে উপজেলা ওয়েব পোর্টাল মনিটরিং কমিটি প্রতি মাসে ২-৫টি দপ্তর/প্রতিষ্ঠানের সার্বিক তথ্য যাচাই করে আইসিটি বিষয়ক কমিটির সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। | 1) জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালের তথ্য উভয় ভাষাতেই হালনাগাদ করতে হবে।<br><br>২) জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের পোর্টালের সেবাবক্সের ছবি পরিবর্তন করতে হবে।<br><br>৩) প্রতি মাসে জেলা ও উপজেলার ২-৫ টি দপ্তর/প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br><br>৪) জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি বিভাগ/দপ্তরের বিভিন্ন ধরণের তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম।<br><br>৩। সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।<br><br>৪।জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, কুড়িগ্রাম।<br><br>৫। সহকারী প্রোগ্রামার (সকল); উদ্যোক্তা (সকল), ইউডিসি, কুড়িগ্রাম। |
| ৩। | **ইউডিসির আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোডঃ**<br>জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সেবা পৌছে দেয়ার লক্ষ্যে ইউনিয়ন পরিষদে ও পৌরসভায় ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে।এ সকল ডিজিটাল সেন্টার স্থাপনের ফলে নাগরিকদের জীবনমানে ইতিবাচক পরিবর্তন সাধিত হচ্ছে। সভাপতি ইউডিসি উদ্যোক্তাগণের নিয়মিত আয়ের তথ্য মনিটরিং টুলসে আপলোড করার বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই এর নির্দেশনার বিষয়ে আলোকপাত করেন। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত ব্লগে তাদের মতামত প্রকাশ এবং প্রতিদিনের আয়ের তথ্যাদি নিয়মিত ডিজিটাল ম্যানেজমেন্ট সেন্টারে আপলোড করার জন্য ইউডিসি উদ্যোক্তাদের প্রতি ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সহকারী কমিশনার (আইসিটি) সভায় অবহিত করেন।আয়ের তথ্য নিয়মিত আপলোড এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) কর্তৃক ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | ১) নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন ও তদারকি অব্যাহত রাখতে হবে।<br><br>২) ডিজিটাল সেন্টার পরিদর্শনের ছবি জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় ফেসবুক পেইজে আপলোড করতে হবে।<br><br>৩) ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে মাসিক আয়ের তথ্য নিয়মিত ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেমে আপলোড এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br><br>২। সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।<br><br>৩। সহকারী প্রোগ্রামার, কুড়িগ্রাম।<br><br>৪। উদ্যোক্তা, ইউনিয়ন/ পৌর ডিজিটাল সেন্টার (সকল), কুড়িগ্রাম। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪। | **অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহঃ**<br>সভায় আলোচনা হয় যে, রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য প্রযুক্তিতে বাংলাদেশ অনেকদূর এগিয়েছে। তারই ধারাবাহিকতায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুম থেকে জনগণের আবেদনের প্রেক্ষিতে দ্রুততম সময়ের মধ্যে জমির পর্চা/নকলের সার্টিফাইড কপি নিতে যাতে বিলম্ব ও হয়রানির শিকার না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখা প্রয়োজন। সংশ্লিষ্ট ইউডিসি থেকে অনলাইনে আবেদন করে অল্প খরচে জমির পর্চা/নকল উত্তোলন কার্যক্রমকে শতভাগ সফল করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও এ কার্যালয়ের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>জমির পর্চা/নকলের আবেদনের ক্ষেত্রে উদ্যোক্তাদের একাউন্টে রেকর্ডরুম শাখা হতে দ্রুত ওয়ালেটে লোড প্রদানের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১) ইউডিসি থেকে আবেদন করে জমির পর্চা/নকলের সার্টিফাইড কপি দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।<br>২) জমিরপর্চা/নকল আবেদনের লোড দ্রুত প্রদান করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফসিার (সকল), কুড়িগ্রাম।<br>২। সহকারী কমিশনার (রেকর্ডরুম), কুড়িগ্রাম।<br>৩। ইউডিসি / পিডিসি উদ্যোক্তা (সকল), কুড়িগ্রাম। |
| ৫। | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) প্রোগ্রাম কর্তৃক বর্তমান সরকার ঘোষিত রুপকল্প-২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে নানাবিধ কার্যক্রম গৃহীত হয়েছে। এরই ধারাবাহিকতায় জেলা প্রশাসকের কার্যালয়ে একটি শক্তিশালী সিস্টেমই-ফাইলিং কার্যক্রম চালুর মাধ্যমে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করার প্রক্রিয়া চলমান রয়েছে। এপ্রিল ২০1৪ মাসে জেলা ই-সেবা কেন্দ্র হতে নথি সিস্টেমের মাধ্যমে ৭,৮৭৮ টি ডাক গ্রহণ করা হয়েছে এবং ৮,৩০৮ টি ডাক নিষ্পত্তি করা হয়েছে। এপ্রিল ২০1৪ মাসে পত্রজারীর সংখ্যা ১,৩৭৩ টি। ই-ফাইলিং এ A ক্যাটাগরী ২৬ টি জেলার মধ্যে এপ্রিল মাসের রিপোর্টে কুড়িগ্রাম জেলা ১ম স্থানে রয়েছে। মে, ২০১৮ মাসের প্রথম পাক্ষিকে কুড়িগ্রাম জেলা ১ম স্থানে রয়েছে। ইতোমধ্যে এ জেলার উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীগণের ই-ফাইলিং প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। পর্যায়ক্রমে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসে ই-ফাইলিং প্রশিক্ষণ প্রদান করা হবে। একটি আধুনিক, দক্ষ এবং সেবামূলক জনপ্রশাসন গড়ে তুলতে সরকারি কাজে তথ্য প্রযুক্তি ব্যবহারে করে সহজে এবং স্বল্প সময়ে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সকল সরকারি বিভাগ/দপ্তরকে আবশ্যিকভাবে ই-ফাইলিং এর ব্যবহার বৃদ্ধির মাধ্যমে সরকারি সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | ১। অনলাইনে সেবা প্রদান প্রক্রিয়া আরো সহজিকরণের লক্ষ্যে জেলার সকল সরকারি অফিসে ই-ফাইলিংসিস্টেমে কার্যক্রম শতভাগ উন্নীতকরণের দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। ই-ফাইলিং এর মাধ্যমে ডাক আপলোড করে নোট ও খসড়া পত্রের মাধ্যমে নথিতে উপস্থাপন করতে হবে। পত্রজারী সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>৩। এ বিষয়ে কোন সমস্যার সৃষ্টি হলে এ-টু আই হতে পরিচালিত ফেসবুক গ্রুপ Nothi তে জানাতে হবে। | ১। সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।<br>২। সহকারী প্রোগ্রামার।<br>৩। সংশ্লিষ্ট সকল ই-ফাইল ব্যবহারকারীগণ। |
| ৬। | **সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ**<br>কুড়িগ্রাম জেলার সবক'টি উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব মেইলের মাধ্যমে ই-মেইল ব্যবহারের জন্য একাউন্ট রয়েছে। বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে ই-সেবা ও নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ওরিয়েন্টশনে প্রদত্ত নির্দেশনা মোতাবেক সকল দপ্তরের চিঠিপত্র ও সরকারি কার্য সম্পাদনে সরকারি ই-মেইল ও ওয়েবসাইট এ তথ্য আদান প্রদানের পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও ই-মেইলে সংশ্লিষ্ট কর্মকর্তার নাম ও পদবী, পরিচিতি নম্বর, মোবাইল/টেলিফোন নম্বর ইত্যাদি নিশ্চিত করতেও নির্দেশনা প্রদান করা হয়। | সরকারি ই-মেইল ও ওয়েবসাইট ব্যবহার করতে হবে এবং সংশ্লিষ্ট মেইলে প্রেরকের নাম, পদবী ও টেলিফোন/মোবাইল নম্বর নিশ্চিত করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭। | **উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানঃ**<br>সভায় জানানো হয় যে, সকল উপজেলা পর্যায়ে গঠিত আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভা আবশ্যিকভাবে আয়োজনের সরকারি নির্দেশনা রয়েছে। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নিয়মিতভাবে উপজেলা আইসিটি কমিটির মাসিকসভা আয়োজন এবং উক্ত সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে উপজেলা তথ্য বাতায়নে আপলোড ও পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে ও সংশ্লিষ্ট সকল অফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। | প্রতি মাসে উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভা সংশ্লিষ্ট মাসেই সম্পন্ন করতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী উপজেলা তথ্য বাতায়নে আপলোড ও সভা অনুষ্ঠানের ০৩ (তিন) দিনের মধ্যে জেলায় ও সংশ্লিষ্ট সকল অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ৮। | **উদ্যোক্তার তথ্যঃ**<br>উপজেলা পর্যায়ে নিয়োজিত উদ্যোক্তাগণের হালনাগাদ তথ্য সম্পর্কে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি) জানান, জেলার সকল উপজেলা হতে উদ্যোক্তাগণের তথ্য চাওয়া হলেও উপজেলা হতে তথ্য নিয়মিত/যথাসময়ে পাওয়া যাচ্ছে না। উপজেলা হতে উদ্যোক্তাগনের তথ্য না আসায় উদ্যোক্তাগণের তালিকা এ কার্যালয়ে দ্রুত প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করেন। | উদ্যোক্তাগণের হালনাগাদ তথ্য এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ৯। | **বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্যঃ**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি), কুড়িগ্রাম সভাকে অবহিত করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলায় ৩৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে এবং এর কার্যক্রম চলমান আছে। বিসিসি হতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের পরিস্থিতি সম্পর্কে জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামের নিকট জানতে চাইলে তিনি জানান, কম্পিউটার ল্যাবের কম্পিউটারগুলোতে বিভিন্ন ধরণের সমস্যা পরিলক্ষিত হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিদর্শনের সময় যে সকল কম্পিউটারের হার্ডওয়্যারসহ অন্যান্য সমস্যা রয়েছে সেগুলো সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানগণকে মেরামত এবং রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। ল্যাবে কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য সভাপতি শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন।<br><br>সভাপতি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের পরিদর্শন প্রতিবেদন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসারগণের নিকট হতে সংগ্রহ করে উক্ত প্রতিবেদন সমন্বয় করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন।<br><br>এছাড়াও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), কুড়িগ্রামের মাধ্যমে এ জেলায় অবস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের নামে ফেসবুক একাউন্ট খুলে দেয়া এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদপূর্বক এ কার্যালয়কে অবহিত করারজন্য জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | ১) বিসিসি কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের যে কোন সমস্যা হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানগণ মেরামত এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।<br><br>২) জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম এ জেলায় অবস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের নামে ফেসবুক একাউন্ট খোলা এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করে এ কার্যালয়কে অবহিত করতে হবে। | ১। সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম<br><br>২।জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br><br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), কুড়িগ্রাম। |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১০।</td><td><u>জাতীয় ই-গভঃনেটওয়ার্কে র ব্যবহারঃ</u><br>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাংলাগভঃনেট এবং ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে ১৮,১৩০ টি সরকারি দপ্তরকে সরকারী ইন্ট্রানেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। সকল সরকারি ওয়েব পোর্টালও ই-ফাইলিং সিস্টেম ইত্যাদি এ্যাপ্লিকেশন সেবা জাতীয় ডাটা সেন্টার হতে এই নেটওয়ার্কের মাধ্যমে প্রদান করা হয়। উক্ত নেটওয়ার্ক সঠিকভাবে ব্যবহার করার জন্য সংশ্লিষ্টকে অনুরোধ জানানো হয়।</td><td>জেলা এবং উপজেলা পর্যায়ের সকল দপ্তরে ই-গভঃনেটওয়ার্কের ব্যবহার নিশ্চিত করতে হবে।</td><td>জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান।</td></tr>
<tr><td>১১।</td><td><u>মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্তঃ</u><br>জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম জানান, উপজেলাভিত্তিক প্রতিমাসে ৮ (আট) টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৩ (তিন) টি মাদরাসাপরিদর্শন করলে প্রমাপ অর্জিত হয়। সভাপতি বলেন, উপজেলা নির্বাহী অফিসারএবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রতিমাসে ৩ (তিন) টি করে মাধ্যমিক বিদ্যালয় এবং ১ (এক) টি করে মাদরাসা পরিদর্শন করবেন এবং পরিদর্শনের সময় ছবি তুলে জেলা প্রশাসন, কুড়িগ্রাম ফেসবুক পেইজে আপলোড করবেন।সহকারী কমিশনার (আইসিটি) এপ্রিল/১৮-মাসের মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন এবং সভায় এ সংক্রান্ত বিস্তারিত আলোচনা হয়। এ সংক্রান্ত পরিসংখ্যান নিম্নরুপঃ<br>
<table>
<tr><th rowspan="2">ক্রঃ নং</th><th rowspan="2">উপজেলার নাম</th><th colspan="2">মাল্টিমিডিয়া ক্লাসরুম সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন(সংখ্যা)</th></tr>
<tr><th>উপজেলা নির্বাহী অফিসার</th><th>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</th></tr>
<tr><td>১</td><td>রৌমারী</td><td>0১</td><td>০২</td></tr>
<tr><td>২</td><td>রাজারহাট</td><td>0৫</td><td>03</td></tr>
<tr><td>৩</td><td>রাজিবপুর</td><td>0০</td><td>0৫</td></tr>
<tr><td>৪</td><td>নাগেশ্বরী</td><td>0৩</td><td>0৬</td></tr>
<tr><td>৫</td><td>কুড়িগ্রাম সদর</td><td>0৭</td><td>0০</td></tr>
<tr><td>৬</td><td>চিলমারী</td><td>0৫</td><td>১৩</td></tr>
<tr><td>৭</td><td>উলিপুর</td><td>0২</td><td>0৪</td></tr>
<tr><td>৮</td><td>ফুলবাড়ী</td><td>0২</td><td>০৯</td></tr>
<tr><td>৯</td><td>ভূরুঙ্গামারী</td><td>0৩</td><td>০২</td></tr>
</table>
<br>সভাপতি এপ্রিল/১8 মাসের মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত পরিসংখ্যানের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহারে আমরা অনেক পিছিয়ে আছি। তাই প্রতিমাসে নিয়মিতভাবে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব ও ক্লাসরুম পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমে শিক্ষা প্রতিষ্ঠান কতৃর্ক মাল্টিমিডিয়া পাঠদান সংক্রান্ত প্রতিবেদন আপলোডের হার শতভাগ নিশ্চিত করার জন্য সভাপতি অনুরোধ করেন।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রতিমাসে ৩ (তিন) টি করে মাধ্যমিক বিদ্যালয় এবং ১ (এক) টি করে মাদ্রাসা পরিদর্শন করবেন এবং পরিদর্শনের ছবি জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় ফেসবুক পেইজে আপলোড নিশ্চিত করবেন।<br><br>২। মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমে শিক্ষা প্রতিষ্ঠান কতৃর্ক মাল্টিমিডিয়া পাঠদান সংক্রান্ত প্রতিবেদন আপলোড শতভাগ নিশ্চিত করতে হবে।</td><td>১। সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম<br><br>২।জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br><br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), কুড়িগ্রাম<br>৪। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, কুড়িগ্রাম।<br><br>৪। টেকনিশিয়ান (সকল), কুড়িগ্রাম</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২। | **জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্তঃ**<br>বর্তমানে এ তথ্য প্রযুক্তি নির্ভর বিশ্বের সকল ধরনের যোগাযোগে সোস্যাল মিডিয়া সর্বোচ্চ ভূমিকা পালন করছে। জনগণকে আরও বেশি সহজে এবং দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে জেলা প্রশাসন, কুড়িগ্রামের উদ্যোগে একটি ফেজবুক পেইজ খোলা হয়েছে যার নাম জেলা প্রশাসন, কুড়িগ্রাম। সভাপতি বলেন, জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় ফেসবুক পেইজে বিভিন্ন জনকল্যাণমূলক এবং বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের দৃশ্যমান ছবি আপলোড করে সরকারি সেবা সম্পর্কে জনগণকে অবহিত করা হচ্ছে। তিনি ফেসবুক পেইজে আপলোডকৃত ছবি এবং তথ্য সমূহের বিষয়ে মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা-২০১৬ অনুযায়ী নিজ নিজ দপ্তর প্রধানগণকে স্ব স্ব ফেসবুক পেইজ ব্যবহারের অনুরোধ জানান। | জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় facebook পেইজে আপলোডকৃত ছবিগুলোর বিষয়ে মতামত প্রদান করতে হবে এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা-২০১৬ অনুসরণ করতে হবে। | সংশ্লিষ্ট (সকল)। |
| 13। | **বিবিধঃ**<br>রুপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে সরকারি অফিসসমূহে আইসিটি ব্যবহার করে জরুরি নাগরিক সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরকে কম সময়ে কোন প্রকার হয়রানি ছাড়া কীভাবে জনগণকে দ্রুত সেবা প্রদান করা যায় এ ধরণের নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সভাপতি সকলের প্রতি আহবান জানান। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।<br>2। সকল সরকারি/ বেসরকারি দপ্তর/ প্রতিষ্ঠান<br>3।সহকারীকমিশনার (আইসিটি) |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় বর্তমান সরকারের রুপকল্প-২০২১ বাস্তবায়ন তথা একটি তথ্য প্রযুক্তি নির্ভর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরও তৎপর হওয়ার আহবান জানিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনকরে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোছাঃ সুলতানা পারভীন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা আইসিটি বিষয়ক কমিটি
কুড়িগ্রাম।
ফোনঃ 0581-61645(অঃ)
ফ্যাক্সঃ ০৫৮১-৬২৩৭৪(অঃ)
০৫৮১-৬১৬১4(বাঃ)
ই-মেইল-dckurigram@mopa.gov.bd